

# কুয়েটে বিশ্ববিদ্যালয় দিবস আজ

খুলনা অফিস



বর্ণাচ্য আয়োজনের মধ্য দিয়ে আজ সোমবার পালিত হচ্ছে খুলনা

প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) প্রতিষ্ঠাবার্ষিকী  
'বিশ্ববিদ্যালয় দিবস'। প্রতিবছরের মতো এবারও বিভিন্ন কর্মসূচি

গ্রহণ করা হয়েছে। এ বছর বিশ্ববিদ্যালয় হিসেবে ২২তম বর্ষ

উদযাপন করবে কুয়েট।

অনুষ্ঠানসূচির মধ্যে রয়েছে সকাল সাড়ে ৯টায় বিশ্ববিদ্যালয়ের

প্রশাসনিক ভবনের সামনে প্রীতি সমাবেশ, সকাল পৌনে ১০টায়

পতাকা উত্তোলন ও বিশ্ববিদ্যালয় দিবস উদ্বোধন, সকাল ১০টা ৫

মিনিটে আনন্দ শোভাযাত্রা (প্রশাসনিক ভবন থেকে শুরু হয়ে

ফুলবাড়ী গেট পুলিশ বক্স হয়ে বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়াম

পর্যন্ত), সকাল পৌনে ১১টায় অডিটরিয়ামে 'কুয়েটের অর্জন :

অতীত, বর্তমান ও ভবিষ্যৎ' শীর্ষক পাওয়ার পয়েন্ট

প্রেজেন্টেশনসহ বিভিন্ন আয়োজন।

অনুষ্ঠানগুলোতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন রাজউক

চেয়ারম্যান ও আইইবি প্রেসিডেন্ট ইঞ্জিনিয়ার মো. রিয়াজুল

ইসলাম এবং সভাপতিত্ব করবেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (ভিসি)

অধ্যাপক ড. মো. মাকসুদ হেলালী।